

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর

সেবা প্রদান বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ আফতাব হোসেন উপপরিচালক
সভার তারিখ	২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয় এবং ভার্চুয়াল প্ল্যাটফর্ম (Zoom Apps)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত/ ভার্চুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কর্মসম্পাদন ক্ষেত্রের (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ তুলে ধরেন। কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সকল দপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের বিষয়টি সহকারী পরিচালক সভাকে অবহিত করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণের পাশাপাশি গভর্নেন্স ইনোভেশন ইউনিট প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক অনুসরণ করা যেতে পারে মর্মে সহকারী পরিচালক সভাকে অবহিত করেন। বিভাগের ৪টি জেলার জেলা মৎস্য কর্মকর্তাগণ তাদের দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরমেটে প্রস্তুতপূর্বক ওয়েবপোর্টালে আপলোড করা আছে মর্মে সভাকে অবহিত করেন।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত ১

সেবা প্রদান প্রতিশ্রুতিতে শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহ অন্তর্ভুক্ত থাকবে। উর্ধ্বতন বা অধঃস্তন দপ্তর/সংস্থার কোন সেবা সিটিজেন্স চার্টারে অন্তর্ভুক্ত হবেনা।

সিদ্ধান্ত ২

সকল দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরমেটে প্রস্তুতপূর্বক ওয়েব পোর্টালে নির্ধারিত সময়ে আপলোড করতে হবে।

কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৮.০৯.২০২২

ড. মোঃ আফতাব হোসেন
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
ময়মনসিংহ বিভাগ


স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.৩২২

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯

২৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
- ২) সিনিয়র সহকারী পরিচালক, ময়মনসিংহ/নেত্রকোণা/শেরপুর
- ৩) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর
- ৫। বৈজ্ঞানিক কর্মকর্তা, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৬) সম্প্রসারণ কর্মকর্তা (বুটিন দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৮) সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ



২৮.০৯.২০২২

মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক